

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০০৯

আগরতলা, ২৯ ফেব্রুয়ারি, ২০২৪

৪২তম আগরতলা বইমেলা

নারী স্বশক্তিকরণের বর্তমান স্বরূপ শীর্ষক আলোচনাচক্র

‘নারী স্বশক্তিকরণের বর্তমান স্বরূপ’ নিয়ে আলোচনা সভা আজ ৪২তম আগরতলা বইমেলায় আলোচনাচক্র মঞ্চে অনুষ্ঠিত হয়। আলোচনা করতে গিয়ে ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝরুনা দেববর্মা বলেন, নারীরা তাদের অন্তর্নিহিত শক্তিগুলি বিকশিত করতে পারলেই জীবনে সফল হতে পারবে। এছাড়াও এবিষয়ে আলোচনা করেন জাতীয় মহিলা কমিশনের সদস্যা ডেলিনা খংডাপ, বিশিষ্ট সমাজসেবী পাপিয়া দত্ত, টিআরএলএম’র বিশেষজ্ঞ ড. দীপায়ন ঘোষ এবং ইকফাই বিশ্ববিদ্যালয়ের সহ অধ্যাপিকা ড. পুনম মুখার্জি। এছাড়াও আজ পদ্মশ্রী বেনীচন্দ্র জমাতিয়া সাংস্কৃতিক মঞ্চে উত্তর ত্রিপুরা জেলার শিল্পীগণ সহ রাজ্যের বিভিন্ন স্থানের স্বনামধন্য শিল্পীগোষ্ঠী ও শিল্পীরা সঙ্গীত, নৃত্য, নাটক পরিবেশন করেন।
